# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৮৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - বিলম্বে আযান

بَابُ تاخِيْرِ الْاَذَانِ

## আরবী

وَعَنْ أَبِي قَتَادَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ فَلَا تَقُومُوا حَتَّى تَرَوْنِي قَدْ خرجت

## বাংলা

৬৮৫-[৬] আবূ ক্বাতাদাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন সালাতের জন্য ইক্বামাত(ইকামত/একামত) দেয়া হবে, তোমরা আমাকে বের হয়ে আসতে না দেখা পর্যন্ত দাঁড়াবে না। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৩৭, মুসলিম ৬০৪, আবূ দাঊদ ৫৩৯, নাসায়ী ৬৮৭, তিরমিযী ৫৯২, আহমাদ ২২৫৩৩, দারেমী ১২৯৬, সহীহ আল জামি‘ ৩৭০; শব্দবিন্যাস মুসলিমের।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের ভাষ্যমতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘর হতে বের হওয়ার পূর্বে ইক্বামাত দেয়া হতো। তবে এ হাদীসটি মুসলিম বর্ণিত জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)-এর হাদীসের বিপরীত।

إِنَّ بِلَالًا كَانَ لَا يُقِيْمُ حَتّى يَخْرُجَ النَّبِىُّ ـ ﷺ ـ، فَإِذَا خَرَجَ أَقَامَ الصَّلَاةَ حِيْنَ يَرَاهُ.

সে হাদীসে বলা হয়েছে নিশ্চয় বিলাল (রাঃ) ইক্বামাত দিতেন না যতক্ষণ না বের হতেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিলাল (রাঃ) তখনই ইক্বামাত দিতেন যখন তাঁকে দেখতেন। দু’ হাদীসের সমাধান হলো যে বিলাল (রাঃ) সর্বদা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হওয়ার প্রতি লক্ষ্য রাখতেন। অধিকাংশ লোক দেখার পূর্বেই তিনি দেখতেন এবং ইক্বামাত দেয়া শুরু করতেন। অতঃপর মুসল্লীরা যখন রসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম-কে দেখতেন দাঁড়াতেন আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্থানে দাঁড়াবার পূর্বে কাতার সোজা করতেন।

আর আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীস মুসলিমে এ শব্দে এসেছে যে,

أُقِيْمَتِ الصَّلَاةَ فَقُمْنَا فَعَدلْنَا الصُّفُوْفَ قَبْلَ أَنْ يُّخْرِجَ إِلَيْنَا النَّبِيُّ ـ ﷺ ، فَأَتى فَقَامَ مَقَامَه.

সালাতের জন্য ইক্বামাত হতো, অতঃপর আমরা দাঁড়াতাম। অতঃপর কাতার সোজা করতাম। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট আসার পূর্বে। তিনি আসতেন এবং তাঁর স্থানে দাঁড়াতেন।

আর বুখারীতে এ শব্দে এসেছে, أُقِيْمَتِ الصَّلَاةَ فَسَوَى النَّاسَ صُفُوْفَهُمْ، فَخَرَجَ النَّبِيُّ ـ ﷺ

সালাতের জন্য ইক্বামাত হতো, অতঃপর মানুষেরা তাদের কাতার সোজা করতো, অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হতেন। আর আবূ দাঊদ-এর বর্ণনা,

إِنَّ الصَّلَاةَ كَانَتْ تَقَامُ لِرُسُوْلِ اللهِ ـ ﷺ ـ، فَيَأْخُذَ النَّاسُ مَقَامَهُمْ قَبْلَ أَنْ يَجِئَ النَّبِيُّ ـ ﷺ.

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য ইক্বামাত দেয়া হতো, আর মানুষেরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হওয়ার পূর্বে তাদের স্থান গ্রহণ করতো। এসব হাদীস ও আবূ ক্বাতাদার হাদীসের সমন্বয় এই যে, বৈধতার জন্য এমনটি হতো।

আর আবূ ক্বাতাদার হাদীসের নিষেধের কারণ হলো মানুষ ইক্বামাত দেয়ার পর দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকত রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের না হওয়া সত্ত্বেও।

অতঃপর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে থাকতে নিষেধ করলেন কোন কাজে ব্যাস্ত হওয়ায় বের হওয়া দেরী হতে পারে। তাছাড়া মানুষের ওপর অপেক্ষা করাটা কষ্টকর হবে, তাই দাঁড়িয়ে থাকতে নিষেধ করলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55242

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন